আজকের কাগজ

তারিখ 25.NO. 1991 ... ...
পৃষ্ঠা... ১৫ ... ...কলাম... ৬ ...

৪

# গণতান্ত্রিক ছাত্রঐক্য সচিবালয়ের সামনে সমাবেশ করেছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসীদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার এবং সন্ত্রাসীদের শাস্তি প্রদানে গাফিলতির প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে স্মারকলিপি দেয়ার পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল রোববার সকালে সচিবালয়ের সামনে সমাবেশ করেছে।

সুনীল দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা রোকনুজ্জামান রোকেন, নাঈমউদ্দিন, জিয়াউল হক জিয়া এবং মুজিবুর রহমান মানিক। সমাবেশে নেতারা ২৭ অক্টোবর সংঘটিত সন্ত্রাসী ঘটনাসহ অন্যান্য সন্ত্রাসী ঘটনায় জড়িত ব্যক্তিদের গ্রেফতার না করায় ক্ষোভ প্রকাশ করেন।